**ইউনিট-বি**
**বিজনেস স্টাডিজ অনুষদ ও আইবিএ**
**বিবিএ ১ম বর্ষ ভর্তি পরীক্ষা ২০২৪-২৫**
**রাজশাহী বিশ্ববিদ্যালয়**

মেমো নং-৫৫৯/বি. স্টা./বিবিএ প্রথম বর্ষ ভর্তি পরীক্ষা-২০২৪-২৫/৩৪ তারিখ ঃ ২৬/০৫/২০২৫

## পছন্দক্রম (Subject Choice) পূরণের বিজ্ঞপ্তি

বিজনেস স্টাডিজ অনুষদ ও আইবিএ (ইউনিট-বি) বিবিএ প্রথম বর্ষ ভর্তি পরীক্ষা ২০২৪-২০২৫ এর ফলাফল প্রাথমিকভাবে বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে ইতোমধ্যেই প্রকাশ করা হয়েছে।

**উত্তীর্ণ ভর্তিচ্ছু পরীক্ষার্থীদের আগামী ২৬/০৫/২০২৫ থেকে ৩১/০৫/২০২৫ তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে (admission.ru.ac.bd) পছন্দক্রম (Subject Choice Form) পূরণ করতে হবে।** কোন ভর্তিচ্ছু **নির্ধারিত সময়ের মধ্যে পছন্দক্রম পূরণ করতে না পারলে ইউনিট-বি তে তার প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং ইউনিট-বি এর কোন বিভাগে তার আর কোন ভর্তির সুযোগ থাকবে না।** ইউনিট-বি এর অধিভূক্ত বিভাগসমূহ ও **IBA** তে ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ভর্তি ফি Online সার্ভিস চার্জসহ Online এর মাধ্যমে প্রদান করতে হবে। তবে উল্লেখ্য যে, **IBA** তে ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফি এর সাথে প্রতি সেমিস্টারে অতিরিক্ত ফি প্রযোজ্য হবে, যা **IBA** অফিসের মাধ্যমে পরবর্তিতে জমা দিতে হবে। উল্লেখ্য যে, **IBA** এর জন্য প্রযোজ্য ফি **IBA** ওয়েব সাইট (**www.iba-ru.ac.bd)** থেকে জানা যাবে।

পছন্দক্রম পূরণকারী ভর্তিচ্ছুদের মধ্যে মেধাক্রমানুসারে বিভাগ অনুযায়ী প্রথম মেধা তালিকা **০৪/০৬/২০২৫** তারিখে বিশ্ববিদ্যালয় ভর্তি ওয়েবসাইটে (admission.ru.ac.bd) প্রকাশিত হবে। **প্রথম নির্বাচন তালিকায় নির্বাচিতদের সাক্ষাৎকার ১৬/০৬/২০২৫ ও ১৭/০৬/২০২৫ তারিখ অফিস সময়ে সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত গ্রহণ করা হবে। ছাত্র/ছাত্রীদের উক্ত তারিখে সকাল ৯টায় রবীন্দ্রনাথ ঠাকুর একাডেমিক ভবনের শিক্ষক লাউঞ্জে (২০৮ নং কক্ষ) উপস্থিত হয়ে সাক্ষাৎকার প্রদানের নির্ধারিত স্থান সম্পর্কে অবহিত হতে হবে। সাক্ষাৎকারে সনদপত্র ও প্রকৃত পরীক্ষার্থী যাচাই সন্তোষজনক হওয়া সাপেক্ষে পরীক্ষার্থী ঐ দিন অর্থাৎ ১৬/০৬/২০২৫ তারিখ হতেই তার ভর্তি কার্যক্রম শুরু করতে পারবে। এখানে উল্লেখ্য যে, ভর্তি কার্যক্রম ১৬/০৬/২০২৫ তারিখ হতে ১৯/০৬/২০২৫ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। নির্ধারিত তারিখের পর ভর্তির আর কোন সুযোগ থাকবে না।** আসন ফাঁকা থাকা সাপেক্ষে ভর্তির জন্য পরবর্তী তালিকা বিশ্ববিদ্যালয় ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

**উল্লেখ্য যে, ইউনিট-বি এর পছন্দক্রম পূরণের সময় সকল বিষয় পছন্দক্রমে অন্তর্ভুক্ত করা আবশ্যক নয়।**

**প্রকাশিত ফলাফলে বা বিজ্ঞপ্তিতে কোন ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন বা বাতিল করার ক্ষমতা ইউনিট-বি কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**

ধন্যবাদান্তে,
আপনার বিশ্বস্ত

২৬.০৫.২০২৫

**(প্রফেসর ড. আবু সাদেক মো. কামরুজ্জামান)**
চীফ কো-অর্ডিনেটর
ইউনিট-বি
বিবিএ প্রথমবর্ষ ভর্তি পরীক্ষা ২০২৪-২৫
ও
অধিকর্তা, বিজনেস স্টাডিজ অনুষদ
রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।